

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
৩২, বিচারপতি সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের জন্য গঠিত GPMS টিমের ১ম সভার কার্যবিবরণী :

| | |
|------------|---|
| সভাপতি | ফারজানা সুলতানা পরিচালক (যুগ্মসচিব) |
| সভার তারিখ | ৩০ মার্চ, ২০২৬ খ্রিষ্টাব্দ |
| সভার সময় | দুপুর ১:০০ টা |
| স্থান | পরিচালক (আরকাইভস)-এর অফিস কক্ষ জাতীয় আরকাইভস ভবন |
| উপস্থিতি | (১) জনাব মোঃ জামাল উদ্দিন, চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক; (২) জনাব তাহমিনা আক্তার, উপপরিচালক (আরকাইভস); (৩) জনাব মোঃ আবু দাউদ, উপপরিচালক (প্রশাসন) এবং (৪) জনাব মোঃ আরিফুর রহমান, সহকারী প্রোগ্রামার |

সভাপতি GPMS টিমের উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং তিনি টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিবলিওগ্রাফার জনাব মুহাম্মদ মুসলিম উদ্দিনকে এ বিষয়ে বিস্তারিত আলোচনার জন্য আহ্বান জানান। টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা 'সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (Governance Performance Monitoring System-GPMS) প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৫-২৬' এর আলোকে অধিদপ্তরের করণীয় বিষয়ে বিস্তারিত উপস্থাপন করেন। তিনি GPMS-এর আওতায় গৃহীত কার্যক্রমসমূহ Allocation of Business, আইন, নীতিমালা, রাষ্ট্রীয় অঙ্গীকার ও সরকারের পরিকল্পনার সঙ্গে সামঞ্জস্য রেখে প্রণয়ন এবং কোনো রুটিনধর্মী কাজসমূহ পরিকল্পনায় অন্তর্ভুক্ত হবে না মর্মে সভাকে জানান। অতঃপর সভায় টিমের বিকল্প টিম লিডার ও প্রোগ্রামার জনাব মোঃ হারিছ সরকার মন্ত্রণালয়ের ওয়েবসাইট থেকে প্রাপ্ত GPMS-এর খসড়া উপস্থাপন করেন। এ পর্যায়ে সভাপতি অধিদপ্তরের সামূহিক কার্যক্রম অধিকতর গতিশীল ও কার্যকর করার লক্ষ্যে প্রাথমিক খসড়া প্রণয়নে শাখাভিত্তিক তথ্য সংগ্রহের নির্দেশনা প্রদান করেন। এছাড়া তিনি GPMS বিষয়ে প্রশিক্ষণ/ কর্মশালা আয়োজনের জন্য উপপরিচালক (প্রশাসন)-কে নির্দেশনা প্রদান করেন। বিস্তারিত আলোচনা-পর্যালোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়;

সিদ্ধান্ত :

- ০১। GPMS-এর প্রাথমিক খসড়া প্রণয়নের লক্ষ্যে শাখাভিত্তিক তথ্য সংগ্রহ করা।
- ০২। GPMS বিষয়ক ৩ (তিন) দিনের প্রশিক্ষণ/কর্মশালার আয়োজন করা।
- ০৩। GPMS সংক্রান্ত ৩ বছর মেয়াদি পরিকল্পনার প্রাথমিক খসড়া প্রণয়ন করা।

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০-০৩-২০২৬

ফারজানা সুলতানা

পরিচালক (যুগ্মসচিব)

ফোন : ০২-২২২২১৮৬৪৪

ফ্যাক্স : ৯১১৮৭০৪

ইমেইল : director_archives@nanl.gov.b

d

নম্বর: ৪৩.২৫.০০০০.০০০.০১২.২৬.০০০১.২৬.৬

তারিখ: ১৬ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
৩০ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রোগ্রামার ও বিকল্প টিম লিডার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ২। চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক ও সদস্য, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৩। উপপরিচালক (আরকাইভস) ও সদস্য, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৪। উপপরিচালক (প্রশাসন) ও সদস্য, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৫। সহকারী প্রোগ্রামার ও সদস্য, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা এবং
- ৬। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।



Uddin

৩০-০৩-২০২৬
মুহাম্মদ মুসলিম উদ্দিন
বিবলিওগ্রাফার